# বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন

আইসিটি বিভাগ, বিসিআইসি, ঢাকা।

**বিষয়: ইনোভেশন টিম/কমিটির মাসিক নিয়মিত ৩০তম (২০২২-২০২৩ অর্থ বছরের ১ম) সভার কার্যবিবরণী।**

০৬ জুলাই ২০২২ তারিখ বুধবার সকাল ১০:০০ ঘটিকায় সংস্থার পরিচালক (কারিগরি ও প্রকৌশল) এবং ইনোভেশন অফিসার জনাব মোঃ মনিরুল ইসলাম এর সভাপতিত্বে বিসিআইসি এর ৫ম তলার কনফারেন্স রুমে ইনোভেশন টিম/কমিটির নিয়মিত সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ইনোভেশন টিম/কমিটির সদস্য/কর্মকর্তাদের নামের তালিকা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) নিম্নরূপ:

| ক্রম | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব এ বি এম ফেরদৌস | মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য-সচিব, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ২ | জনাব এস. এম. সোহেল আহাম্মদ | হিসাব নিয়ন্ত্রক ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৩ | জনাব মোহাম্মদ জাকির হোসেন | কর্মচারী প্রধান এবং সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৪ | মীর মনির হোসেন | মহাব্যবস্থাপক, পিআইডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৫ | প্রকৌ: আবু সাদেক তালুকদার | প্রধান প্রকৌশলি, এমটিএস বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৬ | জনাব মোঃ রেজাউল করিম | অতি. প্রধান ব্যবস্থাপক (উৎপাদন), পরিকল্পনা বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৭ | জনাব মোঃ মেফতাউল ইসলাম | অতি. প্রধান রসায়নবিদ, আরপিডি ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |
| ৮ | জনাব ইমরান আহমেদ | উপ-ব্যবস্থাপক, আইসিটি বিভাগ ও সদস্য, ইনোভেশন টিম বিসিআইসি। |

২.০ সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমে বিগত ১৫ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত ২০২১-২০২২ অর্থ বছরের ৬ষ্ঠ (নিয়মিত ২৯তম) সভার কার্যবিবরণী উপস্থাপন করলে অন্য কোন সংযোজন, বিয়োজন বা সংশোধনী না থাকায় সর্বসম্মতক্রমে তা গৃহীত হয়।

৩.০ সভায় এ পর্যায়ে সভাপতি মহোদয় ২০২১-২০২২ অর্থ বছরের ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন ও এতদসংক্রান্ত তথ্য উপাত্ত উপস্থাপন করার জন্য ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ-কে অনুরোধ করেন।

৪.০. আলোচনা:

৪.১) ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি ২০২১-২০২২ অর্থ বছরের ৬ষ্ঠ সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি নিম্নোক্তভাবে উপস্থাপন করেন।

| ক্রম | সিদ্ধান্ত | অগ্রগতি |
|---|---|---|
| ৫.১ | ২০২১-২০২২ অর্থ বছরে দ্বিতীয় ধাপে প্রাপ্ত ১০টি ধারণা হতে চূড়ান্তভাবে নির্বাচিত চারটি ধারণা যথা: (ক) ডিএপিএফসিএল এর ব্যাগিং প্যাকারস্কেল চুট মডিফিকেশনের মাধ্যমে ব্যাগড্রপ ৬/৭ থেকে ১০/১১-এ উন্নীতকরণ; (খ) জেএফসিএল এর প্রাইমারী রিফরমার ক্যাটালিস্টের স্বল্পতার কারণে রিফরমার টিউবে রক্ষিত ইউজড (used) ক্যাটালিস্ট পুনঃব্যবহার করার জন্য নিরাপদে টিউব থেকে অপসারণ করার কৌশল; (গ) এসএফসিএল এর ইউরিয়া গ্রানুলেশন প্ল্যান্টে উদ্ভাবনী কার্যক্রম হিসাবে Crusher Feed Hopper (T- 662) হতে ০১ (এক) টি Overflow Line স্থাপন; এবং (ঘ) টিআইসিআই এর Online ভিত্তিক মূল্যায়ন পদ্ধতি প্রণয়ন;-কে ২০২১-২০২২ অর্থ বছরের দ্বিতীয় ধাপের উদ্ভাবনী ধারণা হিসেবে তালিকা প্রকাশ করার জন্য বিসিআইসি কর্তৃপক্ষের অনুমোদন গ্রহণের জন্য নথি উপস্থাপন করতে হবে। এ বিষয়ে বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয় চূড়ান্ত সিদ্ধান্ত প্রদান করতে পারেন।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | বাস্তবায়িত তবে "ডিএপিএফসিএল এর ব্যাগিং প্যাকারস্কেল চুট মডিফিকেশনের মাধ্যমে ব্যাগড্রপ ৬/৭ থেকে ১০/১১-এ উন্নীতকরণ" বিষয়ে ইনোভেশন কমিটি পরবর্তীতে সিদ্ধান্ত গ্রহণ করবেন। |
| ৫.২ | টিআইসিআইএর Online ভিত্তিক মূল্যায়ন পদ্ধতিকে বিসিআইসি নিয়ন্ত্রণাধীন সকল স্কুল ও কলেজে রেপ্লিকেট করতে হবে। বিষয়টি বাস্তবায়নে বিসিআইসি'র আইসিটি বিভাগ প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | চলমান |
| ৫.৩ | ২০২১-২০২২ অর্থ বছরে উদ্ভাবনী প্রস্তাবনা জমা দিয়েছে মোট ২০ জন। এর মধ্যে ০২ টি প্রস্তাব চূড়ান্ত হয়ে উদ্ভাবকদ্বয়কে পুরস্কার প্রদান করা হয়েছে এবং অবশিষ্ট ০৪টি প্রস্তাবকে উদ্ভাবনী উদ্যোগ হিসেবে নির্বাচিত হওয়ার নিমিত্তে অপেক্ষমান রয়েছে। এছাড়া ২০২১-২০২২ অর্থ বছরে ইনোভেশন হিসেবে পুরস্কার প্রাপ্ত হননি এমন ১৪ জন প্রস্তাব উপস্থাপনকারী কর্মকর্তাকে পূর্ব সিদ্ধান্ত অনুযায়ী letter of appreciation প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি। | চলতি অর্থ বছরে প্রদান করা হবে |

<table>
<tr><td>৫.৪</td><td>বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের নিকট থেকে তারিখ ও সদয় সম্মতি গ্রহণ করে জুন ২০২২ এর মধ্যেই ০২ দিনের মেন্টর/মেন্টিদের কর্মশালা আয়োজন সম্পন্ন করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>বাস্তবায়িত</td></tr>
<tr><td>৫.৫</td><td>"মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি প্রধান কার্যালয় এর জন্য প্রযোজ্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩"; "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক বিসিআইসি'র কর্মপরিকল্পনা" এবং "মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি'র মাঠ পর্যায়ের অফিসের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩" আগামী ৩০ জুন ২০২২ তারিখের মধ্যে বিসিআইসি'র চেয়ারম্যান (গ্রেড-১) মহোদয়ের অনুমোদনক্রমে বিসিআইসি'র ওয়েবসাইটে প্রকাশ এবং বিসিআইসি'র কারখানা ও প্রতিষ্ঠানসমূহে বাস্তবায়নের নিমিত্ত স্বল্পতম সময়ে প্রেরণের জন্য নথি উপস্থাপন করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>বাস্তবায়িত</td></tr>
<tr><td>৫.৬</td><td>বিগত ২০২১-২০২২ অর্থ বছরের অনুরূপ ২০২২-২০২৩ অর্থ বছরে অনুষ্ঠিতব্য ইনোভেশন কমিটির ছয় বা ততোধিক সভা আয়োজনের নিমিত্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইনোভেশন খাত থেকে ভ্যাট ও ট্যাক্সসহ সমন্বয়যোগ্য (৬,০০০×৬)=৩৬,০০০ (ছত্রিশ হাজার) টাকা বাজেট ছাড় নিয়ে ইনোভেশন কমিটির প্রতিটি সভায় বিভিন্ন খরচ যেমন: কাগজ, উন্নতমানের কলম, ফাইল, খাবার/নাস্তা ইত্যাদি ব্যয় করতে হবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>বাস্তবায়িত</td></tr>
<tr><td>৫.৭</td><td>"মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বিসিআইসি'র কারখানা/প্রতিষ্ঠানসমূহের জন্য ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২২-২০২৩" অনুযায়ী প্রশিক্ষণ/কর্মশালা বাস্তবায়নে বিসিআইসি'র ইনোভেশন কমিটি সার্বিক সহযোগিতা প্রদান করবে। বিসিআইসি'র কারখানা ও প্রতিষ্ঠানসমূহ আবশ্যিকভাবে ইনোভেশন খাতে বাজেট বরাদ্দ রাখবে।<br>বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে বিষয়টি পত্র মাধ্যমে অবহিত করা হয়েছে</td></tr>
<tr><td>৫.৮</td><td>ইনোভেশন কমিটির ২০২২-২০২৩ অর্থ বছরের সভা নিম্নোক্ত তারিখ অনুযায়ী আয়োজন করার জন্য সচেষ্ট থাকতে হবে:
<table>
<tr><th>ক্রম</th><th>নিয়মিত সভা</th><th>২০২১-২২ অর্থ বছরের সভা</th><th>তারিখ</th><th>সময়</th><th>বার</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১</td><td>৩০তম</td><td>১ম</td><td>০৬/০৭/২০২২</td><td>সকাল ১০:০০</td><td>বুধবার</td><td rowspan="6">নির্ধারিত লক্ষ্য অর্জন করা হবে</td></tr>
<tr><td>২</td><td>৩১তম</td><td>২য়</td><td>০৭/০৯/২০২২</td><td>সকাল ১০:০০</td><td>বুধবার</td></tr>
<tr><td>৩</td><td>৩২তম</td><td>৩য়</td><td>০৯/১১/২০২২</td><td>সকাল ১০:০০</td><td>বুধবার</td></tr>
<tr><td>৪</td><td>৩৩তম</td><td>৪র্থ</td><td>০৪/০১/২০২৩</td><td>সকাল ১০:০০</td><td>বুধবার</td></tr>
<tr><td>৫</td><td>৩৪তম</td><td>৫ম</td><td>০৮/০৩/২০২৩</td><td>সকাল ১০:০০</td><td>বুধবার</td></tr>
<tr><td>৬</td><td>৩৫তম</td><td>৬ষ্ঠ</td><td>১০/০৫/২০২৩</td><td>সকাল ১০:০০</td><td>বুধবার</td></tr>
</table>
বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।</td><td>নির্ধারিত লক্ষ্য অনুযায়ী অদ্য ০৬ জুলাই ২০২২ তারিখে প্রথম সভা আয়োজন করা হয়েছে।</td></tr>
</table>

৪.২) সভার নোটিশে বর্ণিত আলোচ্যসূচী অনুযায়ী উপস্থিত সকলের সম্মতিক্রমে বিসিআইসি কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে গৃহীত বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন নিম্নোক্তভাবে প্রস্তুত করা হয়:

| ক্রম | বিষয় | কার্যক্রম | বাস্তবায়ন অগ্রগতি | | প্রকৃত অর্জন |
|---|---|---|---|---|---|
| | | | ২০২০-২০২১ অর্থ বছর | ২০২১-২০২২ অর্থ বছর | |
| ১. | উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি | উদ্ভাবন কর্মপরিকল্পনার বাস্তবায়নের অগ্রগতি (%) | ৯৯.৭৪%<br>[(৭৭.৮/৭৮)×১০০] | ৯৩.৫৯%<br>[(৭৩/৭৮)×১০০] | ৯৩.৫৯% |
| ২. | উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন (২০১৯-২০২০ অর্থ বছরের) | ২.১ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা (তারিখ উল্লেখ করুন) | ২৮-০৬-২০২০ | ১৭-০৬-২০২১ | ৪ |
| | | ২.২ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ (তারিখ উল্লেখ করুন) | ২৯-০৬-২০২০ | ২০-০৬-২০২১ | ১ |
| | | ২.৩ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা স্বীয় ওয়েবসাইটে প্রকাশ করা (তারিখ উল্লেখ করুন) | ২৯-০৬-২০২০ | ২১-০৬-২০২১ | ২ |
| ৩. | ইনোভেশন টিমের সভা | ৩.১ ইনোভেশন টিমের সভা আয়োজন (কয়টি) | ১০০% | ১০০% | ৪ |
| | | ৩.২ ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি হার (%) | ৯৫% | ৯৫% | ২ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪. | নাগরিক সেবায় উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধি | ৪.১ এক দিনের ওরিয়েনটেশন/কর্মশালা/ সেমিনার আয়োজন/পরিকল্পনা (কয়টি) | ১০০% | ১০০% | ৩ |
| | | ৪.২ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের প্রশিক্ষণ আয়োজন অগ্রগতি/ পরিকল্পনা (কত জন কর্মকর্তা) | ১০০% | ১০০% | ৩ |
| | | ৪.৩ উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০৫ দিনের নাগরিক সেবায় উদ্ভাবন প্রশিক্ষণ আয়োজন (কত জন কর্মকর্তা) | ১০০% | ১০০% | ২ |
| | | ৪.৪ উদ্ভাবন কার্যক্রমের সংগে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফর অগ্রগতি (কর্মকর্তার সংখ্যা)/পরিকল্পনা) | অনলাইনে বৈদেশিক প্রশিক্ষণে অংশ নেয়া হয়েছে। | পরিকল্পনা ছিল। সরকার কর্তৃক বৈদেশিক সফরসমূহ বাতিল করা হয়েছে। | ০ |
| ৫. | উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং | ৫.১ নূন্যতম ০২টি উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়নের অগ্রগতি/ পরিকল্পনা (%) | ১০০% | ১০০% | ৪ |
| | | ৫.২ মাঠ পর্যায়ে চলমান উদ্ভাবনী উদ্যোগসমূহ সরেজমিন পরিদর্শন ও প্রয়োজনীয় সহায়তা প্রদান অগ্রগতি/ পরিকল্পনা | ১০০% | ১০০% | ৪ |
| | | ৫.৩ আওতাধীন দপ্তর সংস্থার পাইলটিং প্রকল্পের তালিকা তৈরি ও ওয়েবসাইটে প্রকাশ অগ্রগতি (হ্যাঁ/না) | ১০০% | ১০০% | ২ |
| ৬. | ইনোভেশন শোকেসিং/ সার্কেল | ৬.১ ইনোভেশন শোকেসিং/সার্কেল আয়োজন অগ্রগতি/পরিকল্পনা (তারিখ) | ২৪-০৩-২০২১ তারিখে বাস্তবায়িত | ৩১-১২-২০২১ এর মধ্যেই বাস্তবায়িত | ৬ |
| | | ৬.২ শোকেসিং-এর মাধ্যমে রেপ্লিকেশনযোগ্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন অগ্রগতি/পরিকল্পনা (তারিখ) | ২৪-০৩-২০২১ তারিখে বাস্তবায়িত | ৩১-১২-২০২১ এর মধ্যেই বাস্তবায়িত | ৪ |
| ৭. | উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক (রেপ্লিকেশন) ও জাতীয় (স্কেলআপ) পর্যায়ে বাস্তবায়ন | ৭.১ উদ্ভাবনী উদ্যোগ আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়িত অগ্রগতি/পরিকল্পনা | ১০০% | ১০০% | ৪ |
| | | ৭.২ বাস্তবায়িত উদ্ভাবনী উদ্যোগের ডকুমেন্টেশন ও প্রকাশনা তৈরির অগ্রগতি/পরিকল্পনা | ১০০% | ১০০% | ২ |
| ৮. | ইনোভেশন মেন্টরিং | ৮.১ মেন্টর-মেন্টি নির্বাচন ও তালিকা প্রস্তুতকরণের অগ্রগতি/পরিকল্পনা | ১০০% | ১০০% | ৩ |
| | | ৮.২ দুই দিনের মেন্টরিং কর্মশালা আয়োজন অগ্রগতি/পরিকল্পনা | ১০০% | ১০০% [২৯ ও ৩০ জুন ২০২২] | ৩ |
| | | ৮.৩ কতজন কর্মকর্তা উদ্ভাবককে সহায়তা করার জন্য সক্রিয়ভাবে মেন্টরিং কার্যক্রমে যুক্ত আছেন? | ৩৫ জন | ০৯ জন | - |
| | | ৮.৪ মেন্টরিং কার্যক্রম (মেন্টর ও মেন্টিদের) কিভাবে ফলোআপ করা হচ্ছে? | টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে ও পত্র প্রেরণ করে। | টেলিফোনিক যোগাযোগের মাধ্যমে ও পত্র প্রেরণ করে। | - |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৯. | স্বীকৃতি বা প্রণোদনা প্রদান | ৯.১ উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/ সনদপত্র/ ক্রেস্ট/পুরস্কার প্রদান (কতজন) | ০৪ জনকে পুরস্কার প্রদান করা হয়েছে। | ০৬টি বিষয়ে পুরস্কার প্রদান করা হয়েছে | ৫ |
| | | ৯.২ উদ্ভাবকগণের দেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ (অগ্রগতি/ পরিকল্পনা) | ১০০% | ১০০% | ২ |
| | | ৯.৩ উদ্ভাবকগণের বিদেশে শিক্ষা সফর/ প্রশিক্ষণ/ নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ (অগ্রগতি/ পরিকল্পনা) | অনলাইনে বৈদেশিক প্রশিক্ষণে অংশ নেয়া হয়েছে। | পরিকল্পনা ছিল। সরকার কর্তৃক বৈদেশিক সফরসমূহ বাতিল করা হয়েছে। | ০ |
| ১০. | ইনোভেশন ফান্ড বরাদ্দ | ১০.১ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে জন্য প্রাপ্ত বাজেট (টাকায়) | ৪০ লক্ষ টাকা | ৪০ লক্ষ টাকা | ২ |
| | | ১০.২ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয় (%) | ১৮ লক্ষ ৩৫ হাজার টাকা খরচ যা ৪৫.৮৮% | ২১ লক্ষ ৭৭ হাজার ৩৯৪ টাকা যা ৫৪.৪৩% | ২ |
| ১১. | আওতাধীন অধিদপ্তর/ দপ্তর সংস্থার ইনোভেশন কার্যক্রম পরিবীক্ষণ | ১১.১ আওতাধীন দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন কার্যক্রম পরিবীক্ষণ (অগ্রগতি) | ১০০% | ১০০% | ৩ |
| | | ১১. সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন পরিবীক্ষণ (অগ্রগতি) | ১০০% | ১০০% | ৩ |
| ১২. | ইনোভেশন-সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ | ১২.১ ওয়েবসাইটে ইনোভেশন কর্নারের সকল তথ্য হালনাগাদকরণের অগ্রগতি | ১০০% | ১০০% | ৩ |
| | | | | মোট ৭৮ এর মধ্যে প্রকৃত সূচক অর্জনের যোগফল= | ৭৩ |

৪.৩) সভায় সম্মিলিতভাবে আলোচনা হয় যে, উদ্ভাবনীতে সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের আরও সম্পৃক্ত করতে ২০২২-২০২৩ অর্থ বছরে ইনোভেশন কমিটি'র সদস্য সমন্বয়ে সকল কারখানা/প্রতিষ্ঠান ভ্রমণ করে ইনোভেশনের উপর প্রশিক্ষণ/কর্মশালা আয়োজন করা যেতে পারে। কারখানা/প্রতিষ্ঠান এ বিষয়ক অর্থ সংস্থান করবে।

৪.৪) শিল্প সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৫ জুন ২০২২ তারিখে বিসিআইসি এবং শিল্প মন্ত্রণালয়ের রাষ্ট্রায়ত্ত কর্পোরেশন অনুবিভাগের কর্মকর্তাদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ১৮ নং সিদ্ধান্ত নিম্নরূপ:
"বিসিআইসি'র ট্রেনিং ইনস্টিটিউটসহ বিসিআইসি এবং কারখানার ইন-হাউজ প্রশিক্ষণে অবশ্যই Public Procurement, Project Management এবং জাতীয় শুদ্ধাচার (NIS) নিয়ে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে"।
ইনোভেশন কমিটি'র সদস্য সচিব জনাব এ বি এম ফেরদৌস, মহাব্যবস্থাপক ও বিভাগীয় প্রধান, আইসিটি বিভাগ, বিসিআইসি বলেন যে, মন্ত্রণালয়ের সিদ্ধান্তের আলোকে আমাদের প্রশিক্ষণসমূহ ডিজাইন করা যেতে পারে এছাড়া দিন, তারিখ ও রিসোর্স পারসন নির্ধারণ করে 4IR এর উপর কারখানা/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের জন্য পরিকল্পনা তৈরি করা যেতে পারে।

৪.৫) সভার সভাপতি ও ইনোভেশন অফিসার জনাব মোঃ মনিরুল ইসলাম বলেন যে, ইনোভেশন কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের ধারা অব্যহত রাখতে হবে।

**৫. <u>সভার সিদ্ধান্তসমূহ:</u>**
৫.১) বিসিআইসি কর্তৃক ২০২১-২০২২ অর্থবছরে গৃহীত বার্ষিক উদ্ভাবন পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন এবং ২০২২-২০২৩ অর্থ বছরের উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের কর্মপরিকল্পনা শিল্প মন্ত্রণালয়ে প্রেরণের জন্য দ্রুত নথি উপস্থাপন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.২) উদ্ভাবনীতে সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের আরও সম্পৃক্ত করতে ২০২২-২০২৩ অর্থ বছরে ইনোভেশন কমিটি'র সদস্য সমন্বয়ে সকল কারখানা/প্রতিষ্ঠান ভ্রমণ করে ইনোভেশনের উপর প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের পরিকল্পনা তৈরি করে সে অনুযায়ী কার্যক্রম পরিচালনা করতে হবে। কারখানা/প্রতিষ্ঠান তাঁদের ইনোভেশন খাত থেকে এ বিষয়ক অর্থ সংস্থান করবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৩) দিন, তারিখ ও রিসোর্স পারসন নির্ধারণ করে 4IR এর উপর কারখানা/প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারী সমন্বয়ে প্রশিক্ষণ/কর্মশালা আয়োজনের জন্য পরিকল্পনা তৈরি করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

৫.৪) শিল্প সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ০৫ জুন ২০২২ তারিখে বিসিআইসি এবং শিল্প মন্ত্রণালয়ের রাষ্ট্রায়ত্ত কর্পোরেশন অনুবিভাগের কর্মকর্তাদের সাথে অনুষ্ঠিত সভার কার্যবিবরণীর ১৮ নং সিদ্ধান্ত "বিসিআইসি'র ট্রেনিং ইনস্টিটিউটসহ বিসিআইসি এবং কারখানার ইন-হাউজ প্রশিক্ষণে অবশ্যই Public Procurement, Project Management এবং জাতীয় শুদ্ধাচার (NIS) নিয়ে প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করতে হবে"। সিদ্ধান্তটি সংস্থাধীন কারখানা/প্রতিষ্ঠান পর্যায়ে পত্র মাধ্যমে অবহিত করতে হবে। সিদ্ধান্তের বিষয়টি বিবেচনায় রেখে ইনোভেশন কমিটি'র প্রশিক্ষণসমূহের আলোচ্যসূচী ডিজাইন করতে হবে।

বাস্তবায়নে: সদস্য সচিব, ইনোভেশন কমিটি, বিসিআইসি।

সভায় অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

22-09-2022

মোঃ মনিরুল ইসলাম
পরিচালক (কারিগরি ও প্রকৌশল)
এবং
ইনোভেশন অফিসার, বিসিআইসি।